বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(স্থাপিত : ১৭৮০)
website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ: ১৭/০২/২০২৪

# অনার্স বিভাগসমূহের ফরম ফিলাপের সময় বৃদ্ধি সংক্রান্ত নোটিশ

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, দা'ওয়া এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, আরবি ভাষা ও সাহিত্য বিভাগ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অনার্স ১ম বর্ষ (সেশন : ২০২১-২২), ২য় বর্ষ (সেশন : ২০২০-২১) ৩য় বর্ষ (সেশন : ২০১৯-২০) ও ৪র্থ বর্ষের (সেশন : ২০১৮-১৯) শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধীন অনুষ্ঠিতব্য তাদের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম ফিলাপের সময়সীমা **আগামী ২৭/০২/২০২৪ তারিখ** পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে ফরম ফিলাপ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না। ফরম পূরণের সময় সংশ্লিষ্ট বর্ষে ভর্তির রশিদ সঙ্গে আনতে হবে। যারা এখনও ভর্তি হয়নি, তাদেরকে আগে ভর্তি হতে হবে। এরপর ফরম পূরণ করতে হবে।

১৭/২/২৪
(প্রফেসর মুহাম্মাদ আবদুর রশীদ)
আইডি নং-০৯২২৩
প্রফেসর মুহাম্মদ আবদুর রশীদ
আইডি নং-০৯২২৩
অধ্যক্ষ
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।
ফোন: ০২২২৬৬৩৮৩৮০১৫৫

১৭/২/২৪

## সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. উপাধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
২. বিভাগীয় প্রধান, আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৩. বিভাগীয় প্রধান, আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৪. বিভাগীয় প্রধান, দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৫. বিভাগীয় প্রধান, আরবি ভাষা ও সাহিত্য বিভাগ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৬. বিভাগীয় প্রধান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৭. প্রধান সহকারী, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৮. অফিস কপি।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল (স্নাতক) অনার্স/৮৩/২০২৩/১৭৬ তারিখ: ১৫/০২/২০২৪ খ্রি.

## সংশোধিত বিজ্ঞপ্তি

## ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ ফরমপূরণ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর নিয়মিত, অনিয়মিত, রিটেইক, মান-উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে উল্লেখ করা হলো–

১। অন-লাইনে (**eFF**) ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলি:

| ক্রম. | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | বিলম্ব ফি ব্যতীত অনলাইন eFF করার তারিখ | ০১.০২.২০২৪ হতে ২৯.০২.২০২৪ তারিখ পর্যন্ত |
| ২ | বিলম্ব ফি ব্যতীত পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ | ০৩.০৩.২০২৪ হতে ০৭.০৩.২০২৪ তারিখ পর্যন্ত |
| ৩ | বিলম্ব ফিসহ অনলাইন eFF করার তারিখ | ১০.০৩.২০২৪ হতে ১৪.০৩.২০২৪ তারিখ পর্যন্ত |
| ৪ | বিলম্ব ফিসহ পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ | ১৮.০৩.২০২৪ হতে ২১.০৩.২০২৪ তারিখ পর্যন্ত |
| ৫ | ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip, ফরমপূরণের টপশীট, আনুষঙ্গিক কাগজপত্র ও অনলাইনে (eFF) ফরম পূরণের পর প্রাপ্ত পরীক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দেয়ার তারিখ | ২৪.০৪.২০২৪ হতে ৩০.০৪.২০২৪ তারিখ পর্যন্ত |

উল্লেখ্য যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এর ফরমপূরণের পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip এর বিপরীতে পৃষ্ঠায় মাদরাসার অধ্যক্ষ সীলমোহরসহ স্বাক্ষর, ফরমপূরণের টপশীট ও আনুষঙ্গিক কাগজপত্র প্রতিটি বর্ষ ভিত্তিক ও বিষয় ভিত্তিক আলাদাভাবে/পৃথকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

২। পরীক্ষার্থীর যোগ্যতা:

২.১। ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ

ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষে ভর্তি হওয়ার পর যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে, তারা ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২০ এবং ২০২১ তে অংশগ্রহণ করতে পারেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

২.২। ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।

২.৩ । ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ

ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২১ তে অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ৩য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ২০০/-(দুইশত) টাকা পুনঃভর্তি ফি প্রদান করে ভর্তি হয়ে থাকলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রণীত সিলেবাস অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে।